# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৮. হায়িযগ্রস্ত মহিলা তার স্বামীর চুল আঁচড়ে দিতে পারে

بَاب الْحَائِضِ تَمْشُطُ زَوْجَهَا

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ الْمِقْدَامِ بْنِ شُرَيْحِ بْنِ هَانِئٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ كُنْتُ أُوتَى بِالْإِنَاءِ فَأَضَعُ فَمِي فَأَشْرَبُ وَأَنَا حَائِضٌ فَيَضَعُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمَهُ عَلَى الْمَكَانِ الَّذِي وَضَعْتُ فَيَشْرَبُ وَأُوتَى بِالْعَرْقِ فَأَنْتَهِسُ فَيَضَعُ فَاهُ عَلَى الْمَكَانِ الَّذِي وَضَعْتُ فَيَنْتَهِس ثُمَّ يَأْمُرُنِي فَأَتَّزِرُ وَأَنَا حَائِضٌ وَكَانَ يُبَاشِرُنِي

## বাংলা

১০৯৫. মিক্বদাম ইবনু শুরাইহ ইবনু হানী তার পিতা হতে বর্ণনা করেন, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি হায়িযগ্রস্ত অবস্থায় আমার নিকট পাত্র আনা হলে আমি তা থেকে পান করতাম। এরপর আমি পাত্রের যে স্থানে মুখ লাগিয়ে পান করতাম, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঠিক সেইস্থানেই মুখ লাগিয়ে পান করতেন। আমাকে মাংসের হাড্ডি দেয়া হলে আমি মাংসের হাড়ের যেস্থানে কামড় দিতাম, তিনিও ঠিক সেইস্থানেই মুখ লাগিয়ে কামড় দিতেন। তারপর আমার হায়িযগ্রস্ত অবস্থায় তিনি আমাকে ইযার পরার নির্দেশ দিতেন এবং তিনি আমার সাথে মেলামেশা (জড়াজড়ি) করতেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এ হাদীসটি সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩০০; আমরা এর তাখরীজ পূর্ণ করেছি মুসনাদুল মাউসিলী নং ৪৭৭১; সহীহ ইবনু হিব্বান নং ১২৯৩, ১৩৬০, ১৩৬১ এবং মুসনাদুল হুমাইদী নং ১৬৬ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন